সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/১৯৮

তারিখঃ ৩০ জুলাই, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের (খালি কন্টেইনার ব্যতীত) উপর আরোপিত ০৪ (চার) গুন হারে স্টোররেন্ট আদায় সাময়িকভাবে স্থগিতকরণের মেয়াদ বৃদ্ধি করা প্রসঙ্গে।

সূত্রঃ চবক বিজ্ঞপ্তি নং-১৩/২০২৬, তারিখঃ ২৬/০৭/২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। চট্টগ্রাম বন্দর ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের (খালি কন্টেইনার ব্যতীত) উপর আরোপিত ০৪ (চার) গুন হারে স্টোররেন্ট আদায়ের স্থগিতাদেশের মেয়াদ ৩০/০৭/২০২৬ইং তারিখে উত্তীর্ণ হওয়ার কথা ছিল। এই প্রেক্ষিতে চবক বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক স্থগিতাদেশের মেয়াদ আগামী ৩১/০৭/২০২৬ইং তারিখ হতে ৪৫ দিন বৃদ্ধি করে সূত্রোক্ত বিজ্ঞপ্তি জারী করে। আপনাদের সদয় অবগতির জন্য বিজ্ঞপ্তিটি সংযুক্তি আকারে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

30/7/2026

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব

সংযুক্তিঃ বর্ণনামতে (০১ পাতা)।



BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

## পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং- ১৩/২০২৬

তারিখঃ- ২৬/০৭/২০২৬খ্রিঃ।

বিষয়ঃ- চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের (খালি কন্টেইনার ব্যতীত) উপর আরোপিত ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট আদায় সাময়িকভাবে স্থগিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ চবক বোর্ড সিদ্ধান্ত নং- ২০১৪৫; তারিখঃ১৬/০৭/২০২৬খ্রিঃ।

১। উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত চবক বোর্ড সিদ্ধান্ত মূলে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

"চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের উপর আরোপিত ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট আদায়ের স্থগিতাদেশ এর মেয়াদ আগামী ৩০/০৭/২০২৬খ্রিঃ তারিখে উত্তীর্ণ হবে বিধায় চট্টগ্রাম বন্দর ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানীকৃত এফসিএল কন্টেইনারের উপর ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট আরোপের স্থগিতাদেশ এর মেয়াদ আগামী ৩১/০৭/২০২৬খ্রিঃ হতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পর্যন্ত বৃদ্ধি করা হলো।"

২। বন্দর ব্যবহারকারীদের নিরবচ্ছিন্ন সেবা প্রদান ও বন্দরের অপারেশনাল কার্যক্রম গতিশীল রাখার স্বার্থে সংশ্লিষ্ট সকল আমদানিকারকগণকে চট্টগ্রাম বন্দর এবং ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত এফসিএল কন্টেইনার দ্রুততার সাথে ডেলিভারী গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। উক্ত মতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জারী করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।